



ববির উপাচার্যসহ শীর্ষ পাঁচ পদ শূন্য

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার ও পরীক্ষা নিয়ন্ত্রকের পদ শূন্য থাকায় চরম সঙ্কটের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। আগামী ১৮ ও ১৯ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও গত রবিবার বিশ্ববিদ্যালয়ের কোর কমিটির সদস্য প্রফেসর ড. মোঃ মুহসিনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে তা সাময়িকভাবে স্থগিতের ঘোষণা করা হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তি পরীক্ষার পরবর্তী তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে। এছাড়া চলমান এ সংকটের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী মুরশীদ আবেদীনকে তার দায়িত্বের কার্যক্রম থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। সূত্রমতে, শিক্ষার্থীদের টানা আন্দোলনের মুখে গত ২৬ মে তৎকালীন উপাচার্য প্রফেসর ড. এসএম ইমামুল হক ছুটিতে যান। এরপর ট্রেজারার একেএম মাহবুব হাসানকে উপাচার্যের দায়িত্ব দেয়া হয়। গত ৭ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য একেএম মাহবুব হাসানের ট্রেজারারের মেয়াদ শেষ হওয়ায় তিনিও বিদায় নিয়েছেন। এতে করে সঙ্কট প্রকট আকার ধারণ করে। ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকা- এখন মুখ থুবড়ে পড়েছে।

শিক্ষক ও শিক্ষার্থীরা জানান, উপাচার্যসহ অপর গুরুত্বপূর্ণ পদগুলো শূন্য থাকায় যে যার মতো দায়িত্ব পালন করছেন। যে কারণে শিক্ষকদের দলাদলিতে ভেঙ্গে পড়েছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো। কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া যাচ্ছে না। ফলে ইতোমধ্যে সাময়িকভাবে স্থগিত করা হয়েছে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান আবু জাফর মিয়া বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ গুরুত্বপূর্ণ পদ শূন্য থাকায় একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা কমিটি সদস্য প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন বলেন, নতুন ভিসি নিয়োগ হলে আশা করি সমস্যাগুলো অচিরেই সমাধান হবে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাস: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com